



পলিক্লোরিনেটেড বাইফিনাইল (পিসিবি) থেকে দূরে থাকুন সুস্থ জীবন ও পরিবেশ-বান্ধব দেশ গড়ুন

পলিক্লোরিনেটেড বাইফিনাইল (পিসিবি) কি তা জানেন কি?

পলিক্লোরিনেটেড বাইফিনাইল (পিসিবি) মানবসৃষ্ট একটি জৈব রাসায়নিক যৌগ। পিসিবি বর্ণহীন ও উচ্চ তাপমাত্রা সহনশীল রাসায়নিক পদার্থ। পিসিবি-এর ভৌত ও রাসায়নিক গুণাগুণের জন্য এটি এক সময় বৈদ্যুতিক ট্রান্সফর্মার ও ক্যাপাসিটরে কুলিং এজেন্ট হিসেবে ব্যবহার করা হতো। পিসিবি খুব সহজে ভেঙে যায় না বা হ্রাস পায় না বিধায় পরিবেশে দীর্ঘদিন অপরিবর্তিত অবস্থায় টিকে থাকতে পারে। এই বৈশিষ্ট্যের জন্য পিসিবি Persistent Organic Pollutants (POPs) হিসেবে বিবেচনা করা হয়। পিসিবি মাটি ও পানিতে দীর্ঘস্থায়ী হয় এবং তা খাদ্য শৃঙ্খলে প্রবেশের মাধ্যমে মানবদেহে ক্ষতিকর প্রভাব বিস্তার করে।



মানব স্বাস্থ্যের উপর পিসিবি এর ক্ষতিকর প্রভাব:



চিত্র: পিসিবিযুক্ত ট্রান্সফর্মার এর তেলের ক্ষতিকর প্রভাব

পিসিবি মানবদেহের সংস্পর্শে এলে করণীয়:

অনেক সময় ট্রান্সফর্মার মেরামত কারখানায় কাজ করার সময় অসাবধানতাবশত বা দুর্ঘটনাক্রমে পিসিবিযুক্ত তেল শরীরে লাগতে পারে। সেক্ষেত্রে আতংকিত না হয়ে নিম্নবর্ণিত ব্যবস্থা গ্রহণ করতে হবে:

ঘটনা	প্রতিকার
পিসিবিযুক্ত তেল কাপড়ে লাগলে	দুততম সময়ের মধ্যে কাপড়টি পরিত্যক্ত হিসেবে ডাস্টবিনে ফেলতে হবে।
পিসিবিযুক্ত তেল ত্বকে লাগলে	ডিটারজেন্ট যুক্ত পর্যন্ত পানি নিয়ে জায়গাটা ধুয়ে নিতে হবে। জ্বালাপোড়া করলে বিশেষ করে শরীরের কোনো কাটা ঘা এর উপর পিসিবি লাগলে স্ক্রীন লোশন লাগাতে হবে। প্রয়োজনে ডাক্তারের পরামর্শ নিতে হবে।
পিসিবিযুক্ত তেল চোখে লাগলে	আইওয়াশ এবং হালকা গরম পানি দিয়ে ন্যূনতম ১৫ মিনিট ধরে ধুতে হবে। চোখে পানি ছিটানোর সময় চোখের পাতা খোলা রাখতে হবে। অতিদ্রুত ডাক্তারের নিকট যেতে হবে।
পিসিবিযুক্ত তেল মুখে ঢুকলে	ঐ সময় কোনো কিছু পান করা/ খাওয়া/ বমি করা যাবে না। বার বার কুলি করা যেতে পারে। যথাসম্ভব দ্রুত হাসপাতালে নিতে হবে।
পিসিবিযুক্ত তেল শ্বাস-প্রশ্বাসে গেলে	দ্রুত মুক্ত বাতাসে চলে আসতে হবে এবং দ্রুত হাসপাতালে নিতে হবে।

“এনভায়রনমেন্টালি সাউন্ড ডেভেলপমেন্ট অব দ্য পাওয়ার সেক্টর উইথ দ্য ফাইনাল ডিসপোজাল অব পলিক্লোরিনেটেড বাইফিনাইল (পিসিবি)” প্রকল্প



পরিবেশ অধিদপ্তর
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়